নীল মোড়কের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালন

২২ শে অক্টোবর পুরস্কার বিতরণ এবং কেক কাটার মাধ্যমে নীল মোড়ক পাঠক পরিবারের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

শুক্রবার বিকেল ৩ টায় মেহেরপুর জেলা গণগ্রন্থাগারে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা এবং সামাজিক দূরত্ব বজায় রেখে নীল মোড়কের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

নীল মোড়কের প্রধান সমন্বয়কারী লিখন জানান, যেহেতু এখন করোনাকালীন সময় তাই সীমিত পরিসরে গণগ্রন্থাগারে প্রতিষ্ঠাবার্ষিকী সম্পন্ন করতে হলো। পৃথিবী যদি সুস্থ হয় আগামী বছর অনেক বড় পরিসরে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করব।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বারিবাকা সীমান্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চৌধুরী, মেহেরপুর উন্মুক্ত পাঠ গৃহের সভাপতি মোস্তাকুর রহমান তুষার, ভ্রাম্যমান লাইব্রেরী পরিচালক আল মাহমুদ, জেলা গণগ্রন্থাগার ইমদাদুল হক সহ নীল মোড়কের সদস্যবৃন্দ।

কোটচাঁদপুরে মসজিদের মোতায়াল্লীর দুর্নিতীর বিরুদ্ধে মুসল্লীদের মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ওয়াকফ স্টেটের একটি মসজিদের মোতায়াল্লীর দুর্নিতীর বিরুদ্ধে ও তার অপসারণের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
শুক্রবার বাদ জুম্মা দুপুরে কোটচাঁদপুর সলেমানপুর খোন্দকার পাড়ার হাজী আমলানেছা বিবি ওয়াকফ স্টেট জামে মসজিদের সামনে এ

কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই এলাকার শতাধিক মুসল্লীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, কাউন্সিলর শরিফুল ইসলাম, স্থানীয় মুসল্লী সামাউল ইসলাম মনি, শাহীন হোসেন সহ অন্যান্যরা।
বক্তার বলেন, মসজিদের মোতায়াল্লী ইমরান হোসেন দীর্ঘদিন ধরে টাকা আত্মসাৎ, মসজিদের জমি বে-আইনি ভাবে ভোগদখল করে আসছে। নিজে এলাকায় থাকেন না। মসজিদের ইমাম ও মুসল্লীদের বেতন ভাতা না দিয়ে তিনি আত্মসাৎ করে আসছেন। এছাড়াও ওয়াকফ স্টেটের জমি নিয়ে নানা অনিয়ম করে আসছে বর্তমান মোতায়াল্লী ইমরান হোসেন। এ ঘটনায় বিভিন্ন দপ্তরে অভিযোগ দিলেও সমাধান মিলছে না। মুসল্লীরা দ্রুত তার অপসারণ ও দুর্নিতীর তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

ঝিনাইদহে ইজিবাইক চালক হত্যা মামলার ৬ আসামিকে গ্রেপ্তার

ঝিনাইদহে ইজিবাইক চালক ইকরামুল ইসলাম হত্যা মামলার ৬ আসামীকে ঝিনাইদহ, কুষ্টিয়া এবং মাগুরা থেকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ দুপুরে জেলা পুলিশের পক্ষ থেকে এক প্রেস ব্রিফিংএ এসব তথ্য নিশ্চিত করেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। আাসমীদেরকে কাছ থেকে ছিনতাইকৃত ইজিবাইক ও হত্যাকন্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

আটককৃতরা হলো, ঝিনাইদহের কালীগঞ্জের মসলেম উদ্দীনের ছেলে তানভিরুল ইসলাম নাইম (২৩), চান্দেরপোল এলাকার মৃত আব্দুল বারেকের ছেলে শামীশ হোসেন (২৪), একই এলাকার মৃত নজরুল ইসলামের ছেলে রাশেদ আলী (২৬), কালীগঞ্জ উপজেলার আজীজের ছেলে জাকির হোসেন (২৭), মাগুরার শালীখার উপজেলার আরুজ আলী মন্ডলের ছেলে বাপ্পী হোসেন (২৬), একই থানার মৃত ইউনুস আলীর ছেলে সাগর মোল্লা ওরফে সৈকত (৩১)।

পুলিশ সুপার বলেন, এই গ্যাং জেলা ও জেলার বাইরে বিভিন্ন সময়ে ইজিবাইক চুরি সিন্ডিকেটের সদস্য। এমনই একটি ঘটনায় ইজিবাইক চালক

ইকরামুলকে তারা টার্গেট করে। পরে তাকে মদের ভিতর ঘুমের ওষুধ মিশিয়ে নেশাগ্রস্থ করে জবাই করে হত্যা করে। লাশ ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার রাকড়া গ্রামের মাঠে ফেলে রেখে ইজিবাইকটি ছিনতাই করে পালিয়ে যায়।

তিনি আরো বলেন, গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদে ছিনতাইকৃত ইজিবাইকটি মাগুরা থেকে উদ্ধার করা হয়েছে। গ্রেফতারকৃতদের আদালতে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য- গত ১২ই অক্টোবর ইজিবাইক চালক ইকরামুল নিখোঁজ হয়। নিহতের বড় ভাই রবিউল ইসলাম থানায় একটি মামলা করে। পরে নিখোঁজের ৮দিন পর ১৯শে অক্টোবর কালীগঞ্জ উপজেলার রাকড়া গ্রামের মাঠ থেকে লাশ উদ্ধার করা হয়।

গাংনীতে শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নএর সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড (কালব) এর ১১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল ১০টার সময় গাংনী মহিলা ডিগ্রী কলেজের সম্মেলন কক্ষে কালব এর উপজেলা শাখা সাধারণ সভার আয়োজন করে। অনুষ্ঠিত সাধারণ সভায় সভাপতিত্ব করেন মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী।

আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন, সুজয় কুমার বসু,(জেলা ম্যানেজার কালব)উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, কাজিপুর কলেজের অধ্যক্ষ মোকাদ্দেসুর রহমান, টিজে কলেজ অধ্যক্ষ মাসুম উল হক মিন্টু, করমদি কলেজ অধ্যক্ষ এমদাদুল হক, বাঁশবাড়িয়া টেকনিক্যাল কলেজ অধ্যক্ষ আবুল কালাম আজাদ, আলমডাঙ্গা উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন সভাপতি বিপ্লব হোসেন ও গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট

ইউনিয়নের সাবেক সভাপতি রফিকুল ইসলামসহ অনেকে।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন সংগঠনের সেক্রেটারী মনিরজ্জামান মনি। মহিলা ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক রমজান আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী ও কালব এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। শিক্ষক কর্মচারী কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর ২০২০-২০২১ অর্থবছরের আয় ব্যয় তুলে ধরা হয় এবং লটারির মাধ্যমে ৬৫জন বিজয়ীকে পুরুস্কৃত করা হয়। সভায় সংগঠনের সদস্য ও সঞ্চয় বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে এক যুবকের তাজা প্রাণ হারালো

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে এক যুবকের মৃত্যু হয়েছে। আজ সকালে সদর পৌরসভার মহিষাকুন্ডু এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ সোহেল রানা জানান, সকালে সদর উপজেলার গিলাবাড়িয়া গ্রামের,মোঃ চঞ্চল হোসেন এর ছেলে পারভেজ হোসেন (২০)অন্যদের সাথে নির্মাণাধীন একটি ভবনে কাজ করছিল। হটাৎ করে অসাবধানতা বশত বিদ্যুতের তারের সাথে তার হাত লেগে যায়।

এতে বিদ্যুতায়িত হয়েছে ২য় তলা থেকে নিচে পড়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মুজিবনগরে লাভজনক হওয়ায় কৃষকদের আগ্রহ বেড়েছে শসা চাষে

খরচ কম লাভ বেশি হওয়ায় মুজিবনগর উপজেলার কৃষকদের আগ্রহ বাড়ছে শসা চাষে। উপজেলার বিভিন্ন মাঠ ঘুরে দেখা গেছে প্রায় প্রত্যেক মাঠেই কমবেশি শসা চাষ হচ্ছে।
মুজিবনগর উপজেলা কৃষি অফিসের তথ্য মতে চলতি মৌসুমে উপজেলার ১শত ৪০ হেক্টর জমিতে শসার আবাদ হচ্ছে।
এ ছাড়াও লাভজনক হওয়ার কারনে মুজিবনগর উপজেলায় লাউ,শিম,বাঁধা কপি,উচ্ছেসহ বাণিজ্যিকভাবে শুরু হয়েছে বিভিন্ন ধরনের সবজি চাষ। এভাবে দিন দিন সবজি চাষির সংখ্যা বেড়ে যাওয়ায় সবজি অঞ্চলে পরিণত হচ্ছে মুজিবনগর উপজেলা ।

অনেকের মতো মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের কৃষক আজাদ মোড়ল কয়েক বছর ধরে বাগোয়ান শগনিতলা মাঠে শসা চাষ করছেন তিনি। চাহিদা থাকায় শসা চাষে বেশ মুনাফা অর্জন করেছেন তিনি।
চলতি মৌসুমে ৫ বিঘা জমিতে শসা চাষ করেছেন আজাদ মোড়ল।সাড়ে তিন মাসে বিক্রির উপযোগী হয় তার শসা। এ সময়রে মধ্যে দেড় মাস পরিচর্যা করতে হয়। আর দুই মাস ধরে চলে শসা সংগ্রহ ও বিক্রি। শসা চাষে খরচ কম উল্লেখ করে চাষি আজাদ মোড়ল বলেন, জমি তৈরি করে বীজ লাগানোর এক সপ্তাহের মধ্যেই চারা গজিয়ে যায়। এরপর পরিচর্যা, পানি, সার ও শসার লতা বিস্তারের জন্য মাচা দিলেই দেড় মাস পর ফুল-ফল আসা শুরু করে।
১ মাস ধরে প্রতিদিন ১৬০/২০০ কেজি করে শসা সংগ্রহ করে পাইকারে বিক্রি করছেন তিনি। প্রতি কেজি শসা ১৫/১৭ টাকা করে জমিতেই পাইকারীদের কাছে বিক্রি করছেন। শসা বিক্রি চলবে আরো প্রায় মাস খানেক।
৫ বিঘা জমিতে শসা চাষ করতে তার খরচ পড়েছে বিঘা প্রতি ৩০ হাজার টাকা করে ১ লক্ষ ৫০ হাজার টাকা। এবার ৫ বিঘা জমিতে ৩থেকে ৪ লক্ষ টাকার শসা বিক্রয় হবে বলে আশা করছেন কৃষক আজাদ মোড়ল।

বাগোয়ান শগনিতলার মাঠে শসা চাষি নায়েব আলী বলেন প্রতিবছরের ন্যায় এবারও তিনি ছয় বিঘা জমিতে শসা চাষ করেছেন। শসার বীজ রোপন, পরিচর্যা, মাচা তৈরি, লেবার খরচ সমস্ত কিছু দিয়ে ১ বিঘা শসার জমিতে ৩০ থেকে ৩৫ হাজার টাকার মতো খরচ হয়। ভালোমতো ফলন হলে এক

বিঘা জমির শসা ৬০ থেকে ৭০ হাজার টাকায় বিক্রি করেন তিনি। শসা শেষ হয়ে গেলে শসার জমিতে শীতকালীন ফসল হিসেবে গম, মুশুরি, মাসকলাই এসব চাষ করেন তিনি তিনি বলেন এই শগনিতলার মাঠে প্রায় ১০০ বিঘা জমিতে শসা চাষ হচ্ছে এ বছর।

বর্তমানে মুজিবনগর উপজেলার শিবপুর, বিশ্বনাথপুর, কোমরপুর, মহাজনপুর, বাবুপুর, আনন্দবাস, রশিকপুর, দারিয়াপুর, গৌরীনগর, যতারপুর, গোপালপুর এলাকার শসা সহ অন্যান্য সবজি স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে দখল করেছে রাজধানীর কাওরান বাজারসহ সারা দেশের সবজি বাজার। প্রতিদিন সন্ধ্যায় ট্রাকে ট্রাকে এ অঞ্চলের শসাসহ বিভিন্ন সবজি চলে যাচ্ছে রাজধানীসহ সারা দেশে।
মুজিবনগর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আনিছুজ্জামান খাঁন দৈনিক বলেন, কৃষি বিভাগের নির্দেশনা আর চাষিদের পরিশ্রম ও আবহাওয়া অনুকূলে থাকায় শসার ভাল ফলন হয়েছে চলতি মৌসুমে । সারা দেশে শসার চাহিদা থাকায় চাষিরা বেশ লাভবান হচ্ছেন। সবজি সম্প্রসারণে কৃষি বিভাগ থেকে কৃষকদের পর্যাপ্ত সুযোগ সুবিধা সহ নিরাপদ ও বিষ মুক্ত সবজি চাষে ফেরোমন ফাঁদ সহ বিভিন্ন প্রযুক্তি বিষয়ে নিয়মিত প্রশিক্ষন দেওয়া হচ্ছে।

আলমডাঙ্গায় গাঁজাসহ বজলু আটক, পলাতক দুজনের বিরুদ্ধে মামলা

আলমডাঙ্গার বাড়াদি গ্রামে মাদক বিরোধী অভিযানে বজলু (৪৫) নামে একজনকে ৫শ গ্রাম গাঁজা সহ আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশি ফোর্স তাকে আটক করে। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫ শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের চারাপাড়া গ্রামের মৃত মহিউদ্দিনের জামাতা বজলু রহমান। সে দীর্ঘদিন বাড়াদি গ্রামে বসবাস করে আসছে। এরই সুযোগে বাড়াদি সহ বিভিন্ন অঞ্চলে পাইকারি ও খুচরা গাঁজা বিক্রয় করে। পুলিশি অভিযান পরিচালনা করলে তারা

ধরাছোঁয়ার বাইরে থাকে।

বৃহস্পতিবার আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলামের নির্দেশে এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এসময় বাড়াদি বাজার প্রাঙ্গণ থেকে বজলুর রহমানকে আটক করে পুলিশ। এসময় তার সাথে থাকা আরো দুজন ক্রেতা পুলিশের উপস্থিততে পালিয়ে যায়। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এ বিষয়ে আলমডাঙ্গা থানায় বজলুসহ পলাতক দুজনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গার হোটেল সাহিদ প্যালেসের রাফেল কনভেনশন হল অ্যান্ড কমিউনিটি সেন্টারে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপুর সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ কেন্দ্রীয় কমিটির সহসভাপতি সৈয়দ নাসির উদ্দীন।এ সময় প্রধান অতিথি বক্তব্য তিনি বলেন, নতুন শক্তি নিয়ে জেগে উঠবে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ। বাংলাদেশের উন্নয়নে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। বাংলাদেশকে সমৃদ্ধির পথে নিয়ে যাচ্ছেন।

আর এই উন্নত বাংলাদেশ গড়ার অগ্রযাত্রাকে কোনো ষড়যন্ত্রকারী রোধ করতে পারবে না। তারই নেতৃত্বের প্রতি অবিচল আস্থা রেখে স্বেচ্ছাসেবকলীগের এগিয়ে যেতে হবে।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম।জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতির পরিচালনায় বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক শাকিল আহমেদ বাবু, উপ- আইন বিষয়ক সম্পাদক অ্যাড. জিসান মাহমুদ।

বর্ধিত সভায় জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সম্মেলন, উপজেলা ও ইউনিয়ন কমিটির সম্মেলন ও দলীয় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম. বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা জানানো হয়ছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজারে তাকে এ ফুলেল শুভেচ্ছা প্রদান করে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অংঙ্গসহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে যোগদানের উদ্দেশ্য তিনি চুয়াডাঙ্গা হয়ে মেহেরপুর যাচ্ছিলেন। পথিমধ্যে তাকে এ ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতি, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. জানিফ, চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং

ওয়ার্ড কাউন্সিলর ও সদর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মাফিজুর রহমান মাফি সহ নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা ডায়মন্ড ওয়ার্ল্ড শো-রুমের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলায় প্রথম ডায়মন্ড ওয়ার্ল্ডের শো- রুমের শুভ উদ্বোধন করা হয়েছে।অলংকারে আভিজাত্যের ছোঁয়া নিয়ে আন্তর্জাতিক মান ও অত্যাধুনিক ডিজাইনের ডায়মন্ড ওয়ার্ল্ডের জুয়েলারি পণ্য ক্রেতাদের দোরগোড়ায় পৌঁছে দিতে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে উদ্বোধন করা হল চুয়াডাঙ্গায় প্রথম নতুন শো-রুম।

বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটার সময় ফিতা কেটে শো-রুমটি উদ্বোধন করেন এফবিসিসিআইয়ের পরিচালক, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ জুয়েলার্স সমিতির সাধারণ সম্পাদক দিলীপ কুমার আগরওয়ালাসহ ব্যবসায়িক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। শো-রুমটি উদ্বোধনের পরই ক্রেতা ও দর্শনার্থীদের ঢল নামে।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্সের সভাপতি ইয়াকুব হোসেন মালিক, সিঙ্গাপুরস্থ বাংলাদেশ ব্যবসায়ী সমিতির (বিডিচ্যাম) সাবেক সভাপতি সাহিদুজ্জামান টরিক,চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ, জেলা প্রেসক্লাব সভাপতি অ্যাড. মানিক আকবর প্রমুখ।

ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা বলেন, সারা দেশের মধ্যে চুয়াডাঙ্গায় ২৫ তম শো রুমের যাত্রা শুরু হলো। ডায়মন্ড ওয়ার্ল্ডের শো রুম এ জেলাবাসীর দীর্ঘদিনের দাবী ছিল। নতুন শো রুম উপলক্ষে চুয়াডাঙ্গার মানুষের জন্য বিশেষ ছাড় ও সুবিধার ব্যবস্থা রয়েছে বলেও জানান তিনি।